গাংনীর গাড়াবাড়ীয়ায় চলাচলের প্রধান সড়কে হাটুপানি

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়া গ্রামের চলাচলের প্রধান সড়কে এখন হাটুপানি। এতে বিপাকে পড়েছে সাধারণ জনগন।

স্থানীয় দের সাথে কথা বললে জানান, হালকা বৃষ্টিতেই হাটুপানি হয়ে যায় চলাচলের প্রধান সড়কটিতে। পানি বের হওয়ার ও কোন পথ নেই।

ড্রেনেজ ব্যবস্থা ছাড়া বের হওয়ার ও কোন উপায় নেই। তবে এই দুর্ভোগ থেকে মুক্তি পেতে চাই আমরা।

যানবাহন চলাচলের ক্ষেত্রেও দেখা দিয়েছে চরম ঝুঁকি। একটু অসাবধান হলেই পড়তে হবে মরণ ফাঁদের সেই গভীর পুকুরে। এ দিক দিয়ে দুর্ভোগে আছেন সকল প্রকার যানবাহন চালকেরা।

স্থানীয় জাব্বারুল ইসলাম জানান, বাসায় ছোট ছোট বাচ্চা সে নিয়েও আছি বিপদে না জানি কখন ছুটে যায় আর শুনতে হয় বিপদের কথা।

জানু রহমান জানান, নামাজে যাবার রাস্তাটাও তলিয়ে যাচ্ছে এ নিয়ে দুর্ভোগের স্বীকার হচ্ছে মুছল্লিগণ।

এ বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধি গ্রামের মেম্বার মহব্বত আলী জানান, কোন বছরেই এমন ঘটনা ঘটেনি এবার ভারীবর্ষণের ফলেই পুকুর ছাপিয়ে রাস্তায় এমন পানি জমেছে। তবে এর জন্য বড় ধরনের ড্রেনেজ ব্যাবস্থার প্রয়োজন। আমি চেষ্টা করবো যত দ্রুত সম্ভব এই কাজের সমাধান নিয়ে আসার।

এ বিষয়ে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, ভারীবর্ষণের ফলে রাস্তার এমন দষা সত্যিই দুঃখ জনক তবে এর ঠিক ব্যবস্থা গ্রহনের জন্য আমি চেষ্টা চালাচ্ছি। যত দ্রুত সম্ভব এখানে একটা ড্রেনেজ ব্যবস্থা করার প্রক্রিয়া চলছে। আশা করি ড্রেনেজ ব্যবস্থার কাজ সম্পন্ন হলেই জনদুর্ভোগ লাঘব হবে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল চালক নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাজদার আলী
(৬০) নামের এক ব্যক্তি নিহত হয়েছে।

বুধবার বিকালে গাংনী- হিজলবাড়িয়া সড়কের আকমলের ইটভাটা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত সাজদার আলী হিজলবাড়িয়া গ্রামের মৃত জাকির আলীর ছেলে।

স্থানীয়রা জানান, সাজদার আলী একই গ্রামের সাহাজুল ইসলামকে সাথে নিয়ে মোটর সাইকেল যোগে গাংনীতে যাওয়ার পথে নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে দুজনেই আহত হয়। পরে আহতদের উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মোটরসাইকেল চালক সাজদার আলী কে মৃত ঘোষণা করেন।

গাংনী হাসপাতালে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক জানান, সাজদার আলী কে গাংনী হাসপাতালে নেওয়ার পূর্বেই মৃত্যু হয়। স্থানীয় ইউপি সদস্য আব্দুল খালেক জানান, সাজদার আলী মোটরসাইকেল ক্রয় করতে গাংনীতে যাওয়ার পথে মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়।

এ ঘটনার সত্যতা নিশ্চিত করে গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, সাজদার আলী সম্প্রতি মোটরসাইকেল চালানো শিখেছে। খুব ভালো চালাতে না পারলেও মোটরসাইকেল নিয়ে গাংনীতে আসার পথে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে নিহত হয় সে। কারোর অভিযোগ না থাকায় সাজদার আলীর লাশ ময়না তদন্ত ছাড়াই লাশ দাফন করেছে তার পরিবারের সদস্যরা।

মেহেরপুরে আজ নতুন করে ১১ জন

করোনায় আক্রান্ত

মেহেরপুরের গাংনী হাসপাতালের চিকিৎসক ও তার স্ত্রী সহ জেলায় ১১জন করোনা আক্রান্ত হয়েছে।

বুধবার রাত ১০ টায় এ তথ্য নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা ১৬৫ জন। মৃত ৭ ও সুস্থ ৯৭ জন।

আক্রান্তদের মধ্যে গাংনী হাসপাতালের চিকিৎসক হামিদুল ইসলাম,তার স্ত্রী মুর্শিদা মল্লিক,কাজিপুর চেয়ারম্যান পাড়ার এনামুল ইসলাম,কাজিপুর ১ নং ওয়ার্ড এলাকার মুন্নি খাতুন,আমিনুল ইসলাম ও রাইপুর ইউপির হেমায়েতপুর বাজার পাড়ার ইসমাইল হোসেন, মেহেরপুর জেনারেল হাসপাতালের ফার্মাসিস্টের মেয়ে ওয়াপদা পাড়ার অঞ্জনা হেলেনা ছেলে আশিক ও মেয়ে হাপসা ও সহ মুজিবনগরের গোপালনগরের আবুল কালাম ও রামনগর গ্রামের হাফিজুল ইসলাম।

সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে মেহেরপুর জেলার ২৪ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এর মধ্যে ১১ জন করোনা পজেটিভ। আক্রান্তরা নিজ বাড়িতে থেকে চিকিৎসা সেবা নেবেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান,স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে করোনা আক্রান্তদের খোঁজ খবর নেয়া হচ্ছে। এছাড়া আক্রান্তদের চিকিৎসা সেবার পাশাপাশি সচেতনা কার্যক্রম অব্যাহত রয়েছে। করোনায় আতংকিত না হয়ে সচেতন হওয়ার আহবান জানিয়ে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দিয়েছেন তিনি।

কোরবানি উপলক্ষে ব্যাস্ততা

[redacted]

[redacted] [redacted] [redacted], [redacted], [redacted], [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

ধরণের প্রলোভন দেখিয়ে ফোন দিতে থাকে। আর আমাকে না পেলে আত্মহত্যা করবে বলে ওয়াদা করে। শুধু তাই নয় সে হারপিক ও বিষের বোতল দিয়ে আমাকে ভিডিও কলে দেখায় আমি নিরুপায় হয়ে তার সাথে যোগাযোগ রক্ষা করতে বাধ্য হয়েছি।

আজকেও সে গাংনীতে আসার কথা বললে আমি আসতে রাজি হইনি। সে আত্মহত্যা করে আমাকে ফাঁসাতে চায় আমি এক প্রকার নিরুপায় হয়েই তার সাথে দেখা করতে আসি। আমাকে সে বিয়ে করার জন্য পালিয়ে যেতে বললে আমি বিষয়টি এড়িয়ে যাবার চেষ্টা করি তখন সে আমার সাথে এই আত্মহত্যার নাটক করে। স্থানীয়রা আমাকে ও সোহেলকে হাসপাতালে নিয়ে আসে।

পরে পুলিশ এসে পুরো ঘটনা শুনতে চাইলে পুলিশকে বিস্তারিত বলেছি। গাংনী থানা পুলিশের তদন্ত ওসি সাজেদুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান এমন একটি ঘটনা তিনি শুনে পুলিশ পাঠিয়েছেন। তবে এব্যাপারে কোনো পক্ষেরই কোন অভিযোগ পাননি। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে জানান।

মেহেরপুরে ইয়াবাসহ ছোট বাবু আটক

মেহেরপুরে ১০পিচ ইয়াবাসহ ছোটবাবু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনীর চর গোয়াল গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। একইসাথে মাদক বিক্রির ১০ হাজার ৫শ টাকা জব্দ ডিবি পুলিশ।
আটক ছোটবাবু গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের মৃত বাবু দর্জির ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলীর বিষয়টি নিশ্চিত করে বলেন, ছোট বাবু নামের এক মাদক ব্যবসায়ীকে ১০পিচ ইয়াবাসহ আটক করা

হয়েছে৷ তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

গাংনীতে ছাত্রলীগ উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

গাছ লাগান পরিবেশ বাঁচান এ শ্লোগানকে সামনে নিয়ে মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব আলী সবুজের উদ্দ্যোগে গাংনীতে গাছের চারা রোপন করা হয়েছে।

সোমবার দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এ গাছের রোপন করার মধ্যে দিয়ে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধপনা নির্দেশনায়¡ হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠ সংলগ্ন জনতা ক্লাবে বৃক্ষরোপণ করা হয়।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবাহান। কর্মসূচীর শুভ উদ্বোধন করেন সাবেক ছাত্রলীগ নেতা মোঃ আব্দুস সামাদ সোহাগ।

এসময় মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোঃ শাহজাহান আলী,ফিরোজ আহম্মেদ, যুগ্ম -সাধারণ সম্পাদক ডালিম রানা,সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক, গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক, ওয়ালিদ আল জাবির প্লাবন।

গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম -সাধারণ সম্পাদকঃ আসিফ ইকবাল অনিক,ছাত্রলীগ নেতা আবির, হিজলবাড়িয়া জনতা ক্লাবের সদস্য মো: নাজমুল হোসেন,সোহেল রানা স্বপন,শান্ত,রিফাজ,উজ্বল,শাহীন, সাইদ,রতন,মৃদুল,পল্লব,রিকো সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী হাসপাতালে করোনা প্রতিরোধে জীবানু নাশক ডিজইনফেক্টেড বক্স স্থাপন

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জীবানুনাশক ডিজইনফেক্টেড ইলেক্ট্রিক বক্স স্থাপন করা হয়েছে। রবিবার বিকেলে স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান ফটকের সামনে ডিজইনফেক্টেড বক্স এর আনুষ্ঠানিক উ্দ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এডিপি প্রকল্পের অর্থায়নে এর নির্মাণ ও স্থাপন ব্যায় ধরা হয় ১ লাখ ৫ হাজার টাকা। গাংনী উপজেলা পঃপঃ কর্মকর্তা এম রিয়াজুল আলমের সভাপতিত্বে এসময় বিশেষ অথিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিশ শাহনেওয়াজ।

এসময় উপজেলা প্রকৌশলী মোহাম্মদ গোলাপ আলী শেখ,স্বাস্থ কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার সাদিয়া সুলতানা সহ অন্যান্য চিকিৎসকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইলেক্ট্রিক্যাল এই জীবানুনাশক বক্স স্থাপনে গাংনীতে করোনা প্রতিরোধে যথেষ্ট সহায়ক হবে বলে জানান সংশ্লিষ্টরা। এর মধ্যে বাষ্প তৈরীর মাধ্যমে একটি তাপমাত্র তৈরী করবে যার ফারেন হাইট তাপমাত্রা হবে ৬০ ডিগ্◌্রী সেলসিয়াস।

প্রধান অতিথি এমএখালেক বলেন, শুধু মাত্র হাসপাতালে নয়,করোনা প্রতিরোধে মানুষকে জীবানু মুক্ত করনের জন্য এই ডিজ ইনফেক্টেড বক্স জনবহুল জায়গাসহ প্রতিটি ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকগুলিতে জীবানুনাশক যন্ত্র স্থাপন করা হবে। মেহেরপুর জেলায় এই প্রথম এই জীবানুনাশক যন্ত্র গাংনীতে স্থাপন করা হলো।

গাংনী পৌরসভার উদ্যোগে ভিজিএফ এর চাল বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে ঈদুল আযহা উপলক্ষে ভিজিএফ এর চাল বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকাল ৯ টার দিকে পৌরসভা কার্যালয়ে ভিজিএফ এর এ চাল বিতরণ করা হয়।

পৌর মেয়র আশরাফুল ইসলামের সভাপতিত্বে ট্যাগ অফিসার উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত ভিজিএফ এর আওতায় পৌরসভার সব কয়টি ওয়ার্ডের মোট ৩ হাজার ৮১ জনের মধ্যে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

এ সময় প্রত্যেকটি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা আসনের মহিলা কাউন্সিলরগন উপস্থিত ছিলেন।

গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে চোরাচালান প্রতিরোধ ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা